

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম এশিয়া শাখা
ঢাকা

নং ১৯.০০.০০০০.৪৬৮.০৫.৫০১.২০.২৭৮

০১ অক্টোবর ২০২০

প্রেরক : মোঃ জিয়াউর রহমান
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)
পররাষ্ট্র মন্ত্রণালয়

প্রাপক : ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি
মাননীয় পররাষ্ট্র মন্ত্রী
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


বিষয় : কুয়েতের মহামান্য আমির শেখ সাবাহ আল-আহমদ আল জাবের আল-সাবাহ এর মৃত্যুতে শোক প্রকাশের নিমিত্ত আগামী ০৩-০৬ অক্টোবর ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ দূত হিসেবে ও বাংলাদেশ হতে উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের দলনেতা হিসেবে ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে কুয়েতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে কুয়েতের মহামান্য আমির শেখ সাবাহ আল-আহমদ আল জাবের আল-সাবাহ এর মৃত্যুতে শোক প্রকাশের জন্য আগামী ০৩-০৬ অক্টোবর ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ দূত হিসেবে ও বাংলাদেশ হতে উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের দলনেতা হিসেবে আপনার অনুকূলে কুয়েতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

- ২। উল্লিখিত সরকারি সফরের জন্য আপনি ০৩ অক্টোবর ২০২০ অথবা এর নিকটবর্তী সময়ে কুয়েত-এর উদ্দেশ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি দলের দলনেতা হিসেবে ঢাকা ত্যাগ করবেন এবং ০৬ অক্টোবর ২০২০ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে কুয়েত ত্যাগ করবেন।
- ৩। সফরকালীন সময়ে আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে এবং আপনার বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে বিকলন করা হবে।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,



০১.১০.২০২০

মোঃ জিয়াউর রহমান
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)
পররাষ্ট্র মন্ত্রণালয়

নং ১৯.০০.০০০০.৪৬৮.০৫.৫০১.২০.২৭৮

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএসও/এফএমও/এসএমও/সংস্থাপন/অর্থ/ রস্ট্রোচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, কুয়েত।
- ৮। অফিস কপি।


০১.১০.২০২০

মোঃ জিয়াউর রহমান
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)